# প্রাথমিকে সহকারী শিক্ষকদের বেতন গ্রেড নিয়ে রুল হাইকোর্টের

নিজস্ব প্রতিবেদক

৮ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ৮ জুলাই ২০১৯ ০৮:২২

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের ১৪তম গ্রেডে বেতন নির্ধারণের গেজেট কেন অবৈধ ঘোষণা করা হবে না-তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। একই সঙ্গে তাদের বেতন কেন ১১তম গ্রেডে প্রদান করা হবে না, তাও জানতে চাওয়া হয়েছে।

এ সংক্রান্ত এক রিটের শুনানি নিয়ে গতকাল বিচারপতি এফআরএম নাজমুল আহসান এবং বিচারপতি কেএম কামরুল কাদেরের বেঞ্চ এ রুল জারি করেন। চার সপ্তাহের মধ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব, অর্থ মন্ত্রণালয়ের সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব এবং মহা হিসাবরক্ষক ও নিরীক্ষকসহ সংশ্লিষ্টদের এ রুলের জবাব দিতে বলা হয়েছে।

আদালতে রিটের পক্ষে শুনানি করেন আইনজীবী মোহাম্মদ সিদ্দিক উল্লাহ্ মিয়া এবং রাষ্ট্রপক্ষে ছিলেন ব্যারিস্টার এবিএম আবদুল্লাহ আল মাহমুদ বাশার। এর আগে গত ২৭ মে হাইকোর্টে রিটটি দায়ের করেন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কর্মরত ৩০ জন সহকারী শিক্ষক।